



## মুখ্যমন্ত্রীর আবেদন

সতর্ক থাকুন, ভালো থাকুন।

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে যাঁরা বিদেশ থেকে বা বাইরের রাজ্য থেকে এসেছেন, তাঁরা ১৪ দিন বাড়ির বাইরে বেরোবেন না।

নিজেকে অবশ্যই আলাদা করে রাখুন। বাকিদের সুস্থ ও ভালো রাখতে নিজের ব্যবহার করা জিনিস অন্যরা যাতে ব্যবহার না করেন, তা নিশ্চিত করুন।

সাবধানে থাকুন, বিশ্রামে থাকুন। জ্বর, শ্বাসকষ্ট বা অন্য কোনও উপসর্গ দেখা দিলে, ডাক্তারবাবুর পরামর্শ নিন।

বিদেশ থেকে বা বাইরের রাজ্য থেকে যাঁরা এসেছেন, তাঁদের আরও একবার অনুরোধ করা হচ্ছে ১৪ দিন বাড়ির বাইরে না বের হতে। বাইরের কাজকর্ম কিছুদিন পরে করুন।

আতঙ্কিত হবেন না, আতঙ্ক ছড়াবেন না।

সকল রাজ্যবাসীকে অনুরোধ করা হচ্ছে কোনও অবস্থাতেই আইন নিজের হাতে তুলে নেবেন না। সেরকম পরিস্থিতি দেখলে, স্থানীয় পুলিশ-প্রশাসনকে খবর দিন।

সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন।

মমতা বন্দ্যোপাধ্যায়  
মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ